

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কর কমিশনারের কার্যালয়

কর অঞ্চল-৮ ঢাকা

১২/১, বিজয়নগর, ঢাকা।

নথি নং-২স-১০৭/অফিস আদেশ/২০২২-২০২৩/ ১৮৫

তারিখঃ ০৩/০৮/২০২২ ইং


অফিস আদেশ

বিষয় : বিদ্যুৎ ও জ্বালানী খরচসহ প্রযোজ্য সকল ক্ষেত্রে সরকারী অর্থ সাশ্রয়ের লক্ষ্যে অফিসসমূহে মিতব্যয়িতা চর্চা সংক্রান্ত।

চলমান বৈশ্বিক অস্থিতিশীল পরিস্থিতি মোকাবেলায় মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনার আলোকে বিদ্যুৎ খাতে ২৫% ও জ্বালানী খরচ খাতে ২০% খরচ সাশ্রয়সহ প্রযোজ্য সকল ক্ষেত্রে সরকারী অর্থ সাশ্রয়ের লক্ষ্যে কর অঞ্চল-৮, ঢাকা এর সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারীগণকে নিম্নোক্ত মিতব্যয়িতা চর্চার নির্দেশনা প্রদান করা হলো।

০১. বিদ্যুৎ ও জ্বালানীর সাশ্রয়ী ব্যবহারে সর্বোচ্চ সচেতন হতে হবে, এ অর্থবছরে বিদ্যুৎ খাতে ন্যূনতম ২৫% খরচ হ্রাসকরণ নিশ্চিত করতে হবে। অফিস কক্ষে অবস্থান না করলে কক্ষের বৈদ্যুতিক পাখা, বাতি, এসি, টেলিভিশন ইত্যাদি যন্ত্র বন্ধ (switch off) রাখতে হবে। অফিস কক্ষ, করিডোরসহ প্রযোজ্য সকল ক্ষেত্রে যৌক্তিকতার নিরিখে অনাবশ্যক বাতি না জ্বালানো নিশ্চিত করতে হবে। এসি এর তাপমাত্রা ২৫ ডিগ্রি সেলসিয়াস এর নিচে রাখা যাবে না;
০২. জ্বালানী খাতে ন্যূনতম ২০% খরচ হ্রাসকরণ নিশ্চিত করতে হবে। এবিষয়ে নিয়মিত মনিটরিং করা হবে। দাপ্তরিক প্রয়োজন ব্যতীত গাড়ী ব্যবহার করা যাবে না এবং যথোপযুক্ত অনুমতি ছাড়া শুক্রবার, শনিবার ও অন্যান্য সরকারী ছুটির দিনে গাড়ী ব্যবহার পরিহার করতে হবে এবং এদিনগুলোর জন্য কোনরূপ অধিকাল ভাতা দাবী করা যাবে না;
০৩. প্রতিটি গাড়ীর জন্য মাসে সর্বোচ্চ ২৪০ ঘনফুট গ্যাস এবং ২০ লিটার অকটেন/পেট্রোল বরাদ্দ করা যাবে;
০৪. গাড়ীর জ্বালানী খরচ হ্রাসের জন্য গাড়িতে এসির ব্যবহার নিয়ন্ত্রণ করতে হবে।
০৫. দাপ্তরিক কাজের ক্ষেত্রে কাগজসহ অন্যান্য সরঞ্জামাদির সর্বোচ্চ ও কাম্য ব্যবহার নিশ্চিত করতে হবে। (যেমন- কাগজের উভয় পৃষ্ঠায় প্রিন্ট করতে হবে এবং অপ্ৰয়োজনীয় প্রিন্ট পরিহার করতে হবে);
০৬. প্রতিটি অফিসের নিজস্ব ফ্রয় পরিকল্পনা পূর্ণঃপর্যালোচনা করে রাজস্ব ব্যয় হ্রাসকরণে সচেতন হতে হবে।

এ আদেশ তাৎক্ষণিকভাবে কার্যকর হবে।


০৩/০৮/২০২২

আবু মোঃ কামরুল হাসান
কর কমিশনার

বিতরণ :

- ১। অতিরিক্ত কর কমিশনার/যুগ্ম কর কমিশনার, পরিদর্শী রেঞ্জ-১/২/৩/৪, কর অঞ্চল-৮, ঢাকা।
- ২। সার্কেল কর্মকর্তা (সকল), কর অঞ্চল-৮, ঢাকা।